ঠাকুরগাঁওয়ে বর্ণাঢ্য আয়োজনে নববর্ষ উদযাপন

শামসুল আলম, ঠাকুরগাঁও:: ঠাকুরগাঁওয়ে বর্ণাঢ্য আয়োজনে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন করা হয়েছে। আজ(১৪ এপ্রিল) পহেলা বৈশাখ উপলক্ষে সকাল ৬টা থেকে নিক্বণ সঙ্গীত একাডেমির পক্ষ থেকে ঠাকুরগাঁও কোর্ট চত্বরের বটমূলে সংগীত পরিবেশন ও নিত্য প্রদর্শনসহ কবিতা আবৃত্তি করা হয় ও জেলা প্রশাসকের আয়োজনে ঠাকুরগাঁও জেলা প্রশাসক কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। এতে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক জনাব ইশরাত ফারজানা, পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম পিপিএম, সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম প্রমুখ।

র্যালিতে জেলা প্রশাসনসহ জেলার বিভিন্ন সামাজিক সংগঠনসহ শিশুসহ নানা বয়সীর মানুষ অংশগ্রহণ করেন। এছাড়া দিনব্যাপী বৈশাখী মেলার আয়োজন করা হয়েছে। যেখানে বাংলার চিরাচরিত ঐতিহ্য মাটির তৈরি জিনিসপত্র, হাত পাখা, বাঁশের তৈরি বিভিন্ন সামগ্রী, পাপোশ, শতরঞ্জিসহ বিভিন্ন সামগ্রীর পসরা সাজিয়েছে দোকানিরা।